**West Bengal Board of Secondary Education, Nivedita Bhaban, DJ-8, Sec : II, Karunamoyee, Salt Lake, Kolkata : 700091**

# নমুনা প্রশ্নপত্র
## বাংলা (প্রথম ভাষা)
## ( নতুন পাঠক্রম)

**নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান—৯০**
**বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান—১০০**

**১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:** **[১৭×১ = ১৭]**

বহু -বিকল্পীয় প্রশ্নের ক্ষেত্রে উত্তর দানের নমুনা

**১.১** ‘পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে?’

অলৌকিক ঘটনাটি হল—

ক) এক লেখকের সঙ্গে তপনের ছোটোমাসির বিয়ে হয়েছে।

খ) বাড়িতে তপনের নাম হয়ে গেছে কবি, সাহিত্যিক, কথাশিল্পী।

গ) তপনের লেখা গল্প ‘সন্ধ্যাতারা’ পত্রিকায় ছাপা হয়েছে।

ঘ) তপন দেখল ছাপানো গল্পের একটি লাইনও তার নিজের নয়।

১.১ গ) তপনের লেখা গল্প ‘সন্ধ্যাতারা’ পত্রিকায় ছাপা হয়েছে।

।

**১.২** ‘খুব হয়েছে হরি, এইবার সরে পড়ো। অন্যদিকে যাও।’

— একথা বলেছে

ক) ভবতোষ।

খ) অনাদি।

গ) কাশীনাথ।

ঘ) জনৈক বাসযাত্রী।

১.২ গ) কাশীনাথ।

**১.৩** ‘ দয়ার সাগর! পরকে সেজে দি, নিজে খাইনে।’ — বক্তা হলেন

ক) নিমাই বাবু। খ) জগদীশ বাবু।

গ) অপূর্ব। ঘ) গিরীশ মহাপাত্র।

**১.৪** ‘ সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী’—

‘সভ্যতার শেষ পুণ্যবাণী’ হল—

ক) ভালোবাসো। খ) মঙ্গল করো।

গ) ক্ষমা করো । ঘ) বিদ্বেষ ত্যাগ করো।

**১.৫** ‘তারপর যুদ্ধ এল’—

ক) পাহাড়ের আগুনের মতো।

খ) রক্তের সমুদ্রের মতো।

গ) আগ্নেয় পাহাড়ের মতো।

ঘ) রক্তের এক আগ্নেয় পাহাড়ের মতো।

১.৬ 'সিন্ধুতীরে' পদ্যাংশটি যে কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে, সেটি হল—

ক) পদ্মাবতী। খ) তোহফা।

গ) সতীময়না ও লোরচন্দ্রানী। ঘ) সেকেন্দারনামা।

১.৭ 'অনেক ধরে ধরে টাইপ- রাইটারে লিখে গেছেন মাত্র একজন।'

তিনি হলেন—

ক) সত্যজিৎ রায়।

খ) অন্নদাশঙ্কর রায়।

গ) রাজশেখর বসু।

ঘ) সুবোধ ঘোষ।

১.৮ আমাদের দেশে তখন বৈজ্ঞানিক সাহিত্য রচনা সুসাধ্য হবে, যখন এ দেশে—

ক) বাংলায় প্রচুর পারিভাষিক শব্দ তৈরি হবে।

খ) বিজ্ঞান শিক্ষার বিস্তার ঘটবে।

গ) মাতৃভাষার প্রতি মানুষের প্রীতির মনোভাব গড়ে উঠবে।

ঘ) লেখকেরা অনুবাদের আড়ষ্টতা কাটিয়ে উঠতে পারবেন।

১.৯ শ্রীপান্থ ছদ্মনামে লিখেছেন—

ক) সুনীল গঙ্গোপাধ্যায়।

খ) বলাইচাঁদ মুখোপাধ্যায়।

গ) সমরেশ বসু।

ঘ) নিখিল সরকার।

১.১০ 'আমি ভাইকে সাইকেল দিলাম।' এই বাক্যের নিম্নরেখ পদদুটি হল—

ক) যথাক্রমে মুখ্যকর্মকারক এবং গৌণকর্মকারকের উদাহরণ।

খ) যথাক্রমে গৌণকর্মকারক এবং মুখ্যকর্মকারকের উদাহরণ।

গ) দুটিই মুখ্যকর্মকারকের উদাহরণ।

ঘ) দুটিই গৌণকর্মকারকের উদাহরণ।

**১.১১** 'রাজায় রাজায় যুদ্ধ হয়। '— এই বাক্যের কর্তাটি হল—

ক) প্রযোজ্য কর্তা।

খ) সহযোগী কর্তা।

গ) ব্যতিহার কর্তা।

ঘ) সমধাতুজ কর্তা।

**১.১২** 'উপনগরী' — সমাসটি গড়ে উঠেছে—

ক) সাদৃশ্য অর্থে।

খ) সামীপ্য অর্থে।

গ) পশ্চাৎ অর্থে।

ঘ) বীপ্সা অর্থে।

**১.১৩** উপমান ও উপমেয়র মধ্যে অভেদ কল্পনা যে সমাসের বৈশিষ্ট্য, তা হল—

ক) উপমান কর্মধারয়।

খ) উপমিত কর্মধারয়।

গ) রূপক কর্মধারয়।

ঘ) নিত্য সমাস।

**১.১৪** 'আজকের দিনটা বেশ কাটলো।'— গঠনগত দিক থেকে বাক্যটি হল—

ক) সরল বাক্য।

খ) জটিল বাক্য।

গ) মিশ্র বাক্য।

ঘ)যৌগিক বাক্য।

**১.১৫** 'সে <u>সারাদিন খুব পরিশ্রম করে গভীর রাতে ফিরল।</u>'— এই বাক্যের নিম্নরেখ অংশটি হল—

ক) উদ্দেশ্য।

খ) বিধেয়।

গ) উদ্দেশ্যের সম্প্রসারক।

ঘ) বিধেয়র সম্প্রসারক।

**১.১৬** 'আজ কি তোমার বাজার যাওয়া হয়নি?' 〉 'আজ কি তুমি বাজার যাও নি?'

—এই বাচ্য পরিবর্তনটি হল

ক) ভাববাচ্য থেকে কর্তৃবাচ্যে পরিবর্তনের উদাহরণ।

খ) ভাববাচ্য থেকে কর্মবাচ্যে পরিবর্তনের উদাহরণ।

গ) কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্যে পরিবর্তনের উদাহরণ।

ঘ) কর্মবাচ্য থেকে কর্তৃবাচ্যে পরিবর্তনের উদাহরণ।

**১.১৭** 'বাঁশি বাজে।'— এটি একটি

ক) ঘটক বা সম্পাদক কর্তৃবাচ্য।

খ) অসম্পাদক কর্তৃবাচ্য।

গ) লুপ্তকর্তা ভাববাচ্য।

ঘ) গৌণ কর্মকর্তা ভাববাচ্য।

**২. কমবেশি ২০টি শব্দের মধ্যে উত্তর লেখো: [১৯× ১=১৯]**

**২.১ যে কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও: [৪× ১=৪]**

**২.১.১** ' নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে।'— নদীর বিদ্রোহের কারণ কী ছিল?

**২.১.২** ' বলতে গেলে ছেলেদুটোর সবই একরকম, তফাত শুধু এই যে , '— তফাতটা কী?

**২.১.৩** ' মনে হলে দুঃখে লজ্জায় ঘৃণায় নিজেই যেন মাটির সঙ্গে মিশিয়ে যাই।'— কোন কথা মনে করে অপূর্বের এই মনোবেদনা?

**২.১.৪** ' অদৃষ্ট কখনও হরিদার এই ভুল ক্ষমা করবে না।' — হরিদার কোন ভুলের কথা এখানে বলা হয়েছে?

**২.১.৫** ' গল্প ছাপা হলে যে ভয়ংকর আহ্লাদটা হবার কথা, সে আহ্লাদ খুঁজে পায় না।'— উদ্দিষ্ট ব্যক্তির আহ্লাদিত হতে না পারার কারণ কী?

**২.২ যে- কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও: [৪× ১=৪]**

**২.২.১** 'আমাদের ইতিহাস নেই।'— এ-কথা বলা হয়েছে কেন?

**২.২.২** 'হা ধিক্ মোরে!'— বক্তা কেন নিজেকে ধিক্কার দিয়েছিলেন?

**২.২.৩** 'পঞ্চকন্যা পাইলা চেতন।'— পঞ্চকন্যা কীভাবে চেতনা ফিরে পেল?

**২.২.৪** 'তোরা সব জয়ধ্বনি কর।'— কবি কাদের জয়ধ্বনি করতে বলেছেন?

**২.২.৫** 'গানের বর্ম আজ পরেছি গায়ে'—গানের বর্ম পরিধান করে কবি কোন কাজ করতে পারেন?

**২.৩ যে- কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও: [৩× ১=৩]**

**২.৩.১** 'জন্ম নিল ফাউন্টেন পেন। '— ফাউন্টেন পেনের জন্মবৃত্তান্তটি উল্লেখ করো।

**২.৩.২** 'সেই আঘাতেরই পরিণতি নাকি তার মৃত্যু।'— কোন আঘাতের পরিণতিতে মৃত্যুর কথা বলা হয়েছে?

**২.৩.৩** 'আমাদের সরকার ক্রমে ক্রমে রাজকার্যে দেশি পরিভাষা চালাচ্ছেন।'— তাতে অনেকে মুশকিলে পড়েছেন কেন?

**২.৩.৪** 'আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন'— কোন 'ত্রিবিধ কথা'র প্রসঙ্গ লেখক স্মরণ করেছেন?

**২.৪ যে- কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও:** **[৮× ১=৮]**

২.৪.১ 'নির্দেশক' বলতে কী বোঝ?

২.৪.২ অ- কারক কাকে বলে?

২.৪.৩ নীচের চিহ্নিত পদের কারক/ অ-কারক সম্পর্ক নির্দেশ করে তার চিহ্ন নির্ণয় করো—

পোকাটা উড়ে গেল।

২.৪.৪ নীচের ব্যাসবাক্যটিকে সমাসবদ্ধ করে তার শ্রেণি নির্ণয় করো—

শশ অঙ্কে যার—।

২.৪.৫ বিশেষণ ও বিশেষ্য যোগে একটি বিশেষ্য খণ্ড তৈরি করে বাক্যে ব্যবহার করো।

২.৪.৬ যোগ্যতাহীন বাক্যের একটি উদাহরণ দাও।

২.৪.৭ নির্দেশ অনুযায়ী বাক্যটি পরিবর্তন করো—

বৃথা আশা মরিতে মরিতেও মরে না। (যৌগিক বাক্যে)

২.৪.৮ হিংসার দ্বারা মহৎ কার্য সাধিত হয় না।— (কর্তৃবাচ্যে পরিণত করো)

২.৪.৯ ভাববাচ্যে কর্তা লুপ্ত অবস্থায় আছে (লুপ্ত কর্তা ভাববাচ্য) এ রকম একটি বাক্য লেখো।

২.৪.১০ ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো:- অনুগমন।

**৩. প্রসঙ্গ নির্দেশ সহ কমবেশি ৬০ শব্দের মধ্যে উত্তর লেখো:** **[৩ + ৩ = ৬]**

**৩.১ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:** **[১× ৩ = ৩]**

৩.১.১ 'আপনি কি ভগবানের চেয়েও বড়ো?'— কাকে একথা বলা হয়েছে? তাঁকে একথা বলা হয়েছে কেন?

৩.১.২ 'আমি ভীরু, কিন্তু তাই বলে অবিচারের দণ্ডভোগ করার অপমান আমাকে কম বাজে না।'—

— বক্তা কাকে একথা বলেছিলেন? কোন অবিচারের দণ্ডভোগ তাঁকে ব্যথিত করেছিল? **[১+ ২ = ৩]**

**৩.২ যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাও:** **[১× ৩ = ৩]**

৩.২.১ 'এবার মহানিশার শেষে

আসবে ঊষা অরুণ হেসে'—

'মহানিশা' কী? এই মন্তব্যের মধ্য দিয়ে কবি কিসের ইঙ্গিত দিয়েছেন? **[১+ ২ = ৩]**

৩.২.২ 'হায়, বিধি বাম মম প্রতি'—

বক্তা কে? তিনি এমন কথা বলেছেন কেন? **[১+ ২ = ৩]**

**৪. কমবেশি ১৫০ শব্দে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাও:** **[৫]**

৪.১ 'নিজের এই পাগলামিতে যেন আনন্দই উপভোগ করে।' কার 'পাগলামির' কথা বলা হয়েছে? গল্প অনুসরণে উদ্দিষ্ট ব্যক্তির পাগলামির পরিচয় দাও। **[১+ ৪ = ৪]**

৪.২ 'পোলিটিক্যাল সাসপেক্ট সব্যসাচী মল্লিককে নিমাইবাবুর সম্মুখে হাজির করা হইল।'
'পথের দাবী' পাঠ্যাংশে সব্যসাচী মল্লিক সম্পর্কে কী জানা যায়? তাঁকে জিজ্ঞাসাবাদের সময় কী পরিস্থিতি তৈরি হয়? **[১+ ৪=৫]**

**৫. কমবেশি ১৫০ শব্দে যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাও:** **[৫]**

৫.১ কবি জয় গোস্বামীর 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় যুদ্ধ- বিরোধী মনোভাবের যে প্রকাশ ঘটেছে তা নিজের ভাষায় বিবৃত করো। **[৫]**

৫.২ 'চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে।'—
— কাকে একথা বলা হয়েছে? কীভাবে তার অপমানিত ইতিহাসে চিরচিহ্ন মুদ্রিত হল? **[১+ ৪=৪]**

**৬. নীচের প্রশ্নগুলির যে- কোনো একটির উত্তর দাও:** **[৫]**
**(কমবেশি ১৫০ শব্দে)**

৬.১ কালি কলমের প্রতি ভালোবাসা 'হারিয়ে যাওয়া কালি কলম' প্রবন্ধে কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো।

৬.২ ' বাংলা ভাষায় বিজ্ঞান' রচনায় প্রাবন্ধিক বাংলা ভাষায় বিজ্ঞানচর্চার ক্ষেত্রে যে সব অসুবিধার কথা বলেছেন তা আলোচনা করো।

**৭. কমবেশি ১২৫ শব্দে যে - কোনো একটি প্রশ্নের উত্তর দাও:** **[৪]**

৭.১ 'আমার এই অক্ষমতার জন্যে তোমরা আমাকে ক্ষমা করো।' বক্তা কাদের কাছে কোন অক্ষমতা প্রকাশ করেছেন?

৭.২ 'আপনাদের কাছে এই ভিক্ষা যে, আমাকে শুধু এই আশ্বাস দিন—'
কাদের কাছে বক্তা 'ভিক্ষা' চান? তিনি কী আশ্বাস প্রত্যাশা করেন? **[১+ ৩ = ৪]**

**৮. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও (কমবেশি ১৫০ শব্দে):** **[২× ৫=১০]**

৮.১ 'অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল।'— কোনি কীভাবে বাংলা সাঁতার দলে স্থান পেল তা লেখো।

৮.২ দারিদ্র্য আর বঞ্চনার বিরুদ্ধে কোনির যে লড়াই তা সংক্ষেপে আলোচনা করো।

৮.৩ ক্ষিতীশ সিংহ কোনিকে সাঁতারের চ্যাম্পিয়ন করানোর জন্য যে কঠোর অনুশীলনের ব্যবস্থা করেছিলেন তার পরিচয় দাও।

**৯. কমবেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে রচনা লেখো :** **[ ১০ ]**

৯.১ বিজ্ঞানমনস্কতা ও কুসংস্কার।

৯.২ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

৯.৩ একটি অলৌকিক অভিজ্ঞতা।

৯.৪ সাহিত্যপাঠের প্রয়োজনীয়তা।

**১০. চলিত গদ্যে বঙ্গানুবাদ করো :** [ ৪ ]

A real friend is he who remains true to us long as he lives. He will share our sorrows as well as our joys. He will stand by us in our hard times and is always ready to help us. He will risk everything, even life for the sake of his friend.

**১১. যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও :** [ ৫ ]

**১১.১** 'নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য উর্ধ্বমুখী'—এ বিষয়ে সংবাদপত্রের জন্য কমবেশি ১৫০ শব্দে একটি প্রতিবেদন রচনা করো।

**১১.২** বৃক্ষরোপণের উপযোগিতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো। (কমবেশি ১৫০ শব্দে)

**কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য**

**১২. কমবেশি <u>২০</u>টি শব্দের মধ্যে উত্তর দাও (যে-কোনো ৪টি):** [ ৪ × ১ = ৪ ]

**১২.১** 'বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলোআনাই বজায় আছে ।'— 'বাবুটির' শখের পরিচয় দাও।

**১২.২** তপনের গল্প কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

**১২.৩** ইসাবকে বাবার হাত থেকে বাঁচাতে অমৃত কী বুদ্ধি করেছিল?

**১২.৪** 'কি হেতু, মাতঃ, গতি তব আজি/এ ভবনে?'

—মাতার আগমনের কারণ কী?

**১২.৫** 'আয় আরো বেঁধে বেঁধে থাকি'

—কবির এমন বক্তব্যের কারণ নির্দেশ করো।

**১৩. কমবেশি ৬০ শব্দের মধ্যে যে- কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** [২ × ৩ = ৬]

**১৩.১** 'অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো গানের দুটি পায়ে'—

কবি অস্ত্রকে গানের পায়ে রাখার কথা বলেছেন কেন?

**১৩.২** 'গল্প বাড়ি বাড়ি ঘুরে গ্রামপ্রধানের কানে গেল।'— [১+ ২]

কোন গল্প গ্রাম প্রধানের কানে গেল? তিনি কী করলেন?

**১৩.৩** 'আজ তার মনে হইল কী প্রয়োজন ছিল ব্রিজের?'—

— কার মনে হল? তার এমন মনে হবার কারণ কী? [১+ ২]